তারপর আর্বান আন্এমস্পর্মেন্ট। এই শহরে শিক্ষিত বেকারের সংখ্যা প্রত্যেক বছরই বেড়ে যাছে। আমি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্চএর সংখ্যা দিছি। ১৯৫১ সালে ডিসেন্বর মাসে রেজিস্টার কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৫৫,৬৮৮ জন ; ১৯৫৪ সালে তা হল ৮৮,৮৩৬ জন এবং ১৯৫৬ সালে সেটা বেডে ১.১৫.২৬৯ জন হয়েছে। তাহলে দেখা যাচ্ছে যে প্রত্যেক বছরই সংখ্যা বেডে চলেছে। অর্থাৎ ১৯৫১ সালের তুলনায় ১৯৫৬ সালে বেকারের সংখ্যা অনেক বেড়ে গেছে—প্রায় ৬০ হাজার। অবশ্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্চএ নাম সকলে লেখাতে পারে না। তাই এই সংখ্যা থেকে বেকারের প্রকৃত সংখ্যা জানা যেতে পারে না। তব্তু এই সংখ্যা হতে বেকারত্বের গতি কোন দিকে—উঠতির দিকে, না, পড়তির দিকে—তা বোঝা যায়। পরিক্কার एमधा वात्म्ब रय, भित्रकम्भना ठमात मर्का प्रकारत मरकारत मरशा उत्पाद । मर्द्रात বেকারের উম্পর্ণতি বন্ধ করতে হলে কি করা দরকার? সর্বপ্রথমে শ্রমিক কর্মচারী ছাটাই বন্ধ করা দরকার। কলকারখানা ও অফিসগ্রলিতে শ্রমিক কর্মচারী ছাটাই হয়ে চলেছে। তা আশ্র বন্ধ করা দরকার, বাদ এই বেকার সমস্যার তীব্রতা কমাতে চান। কিন্তু তা আপনারা করছেন না বরং তার উল্টো কাজই করছেন। গত পাঁচ বছরের মধ্যে পাটকলগ্নলি হতে ৩০ হাজারের বেশী শ্রমিক ছাটাই হয়েছে। ১৯৫১ সালে পার্টাশলেপ নিয়েঞ্চিত শ্রমিকের সংখ্যা ছিল ०.०२,२०१ ; ১৯৫৪ माला जा करम रन २,१५,६०१। कीमन रम हात्रहो शाहेकन वन्ध रहा গেল। হাজার হাজার শ্রমিক সেখান থেকে ছটিটে হরে গেল। আমার সংগ্য ব্যারাকপুর মহকুমায় চলান। আপনাকে দেখাবো প্রতিদিন প্রতিটা কলে ৬০ থেকে ৭০ জন লোক ছাটাই হরে চলেছে। আগে ছাটাই বন্ধ কর্ন, তবে তো বেকারের সংখ্যা কমান বাবে। তা না হলে যদি এইভাবে इतिहै हमए बार्क ठाइरम राज समान दर्फ़रे यादा। कार्नामन जान जीन क्याद ना। वना হছে নতুন নতুন চাকরী দেওরা হছে। যদি ধরেও নেওয়া হর যে, চাকুরী হছে কিছু লোকের তাহলেও তারচেরে ছটাই করে দিছেন বেশী। এতে বেকার সমস্যার সমাধান হবে? এ সত্য না মেনে উপার নেই বে, প'্রিজবাদ কখনো বেকার সমস্যার সমাধান করতে প'রে না। ভারতবর্ষ প'জিবাদী রাদ্ধ : সেধানেও তাই বেকার সমস্যার সমাধান হওয়া সম্ভব নর, তব্ ও ক্যাপিটোলস্ট ফ্রেম ওরাক এর মধ্যে বা করতে পারা বার তাও সরকার করছেন না।

শ্রমিক কর্মচারী ছটিটেএর সংগ্যা চলেছে শ্রমিকদের চূড়ান্ডগুলব স্বন্ধানে। প্রতিদিন কাজের ঘণ্টা বাড়িরে দেওরা হছে। স্বাদিং কমিশনও স্বীকার করেছেন বে, ১৯৪৭ সালের তুলার উৎপাদন শতকরা ৪৮ ভাগ বেড়েছে। তার মধ্যে লেবার্স কার্মীবউশন হছে শতকরা ০৮ ভাগ। এইভাবে শ্রমিকদের বেশী করে খাটিরে নেওরা হছে এবং এর জন্য বেখানে আরও বেশী মজ্বী দেওরা উচিত সেখানে মজ্বী বেশী দেওরা তো হছেই না বরং তাদের মজ্বী ক্যানো হছে। শ্রমিক কর্মচারীদের প্রকৃত আর ক্যছে।

[6-55-7-2 p.m.]

একদিকে প'বিজপতিদের লাভ শতকরা ৫৮ থেকে বেড়ে শতকরা ৬৭ হরে গেল. প্রথম পশুবার্ষিকী পরিকল্পনার ৫ বংসরের মধ্যে; অন্যাদিকে সেই সমরে প্রমিকদের প্রকৃত আয় শতকরা ৪৪ থেকে কমে শতকরা ৩৩ হয়ে গেল। তাহলে দেখা বাচ্ছে যে, একদিকে প'বিজপতিদের লাভ বাড়ছে অন্যাদিকে শ্রমিকদের প্রকৃত আয় কমে বাচ্ছে। এর নাম কংগ্রেসী সমাজতকা। এই বিদি সমাজতকা হয় তাহলে আমরা বলতে বাধ্য——

"Thank God, save us from this type of socialism"

আমাদের এ ধরণের সমাজতন্য থেকে রক্ষা কর : আমরা তা চাই না। শঞ্জা বে প্রামিকদের ক্ষেত্রে এ জিনিস হচ্ছে তা নয়। মধ্যবিত্তদের বেলায়ও এই অবস্থা। বিড়লার মুখপুর ইস্টার্ন ইকর্নামস্ট পর্যান্ত স্বীকার করছে যে, মধ্যবিত্তদের মধ্যে যারা ৩০০ টাকা পর্যান্ত মাহিনা পায় ভাদের প্রকৃত আরু শতকরা ৭ ভাগ কমে গিয়েছে, ৫০-৫১ সালের তুলনার ১৯৫৫ সালে। এই অবস্থা ছিল ১৯৫৫ সাল প্র্যুক্ত। ১৯৫৫ সালের পর জিনিসপতের দাম বেরকম <u>দু</u>ত বেডে গিরেছে তাতে অবস্থা আরও খারাপ হয়েছে। সরকার বলেছেন যে এখন প্রাইস ইন ডেব্র হচ্ছে ৪১১। অথচ পশ্চিমবণ্গ সরকারের স্ট্যাটিস্টিক্যাল ডাইজেস্ট বলে যে কাগজ আছে তাতে স্বীকার করা হয়েছে যে প্রাইস ইনডেক্স আঞ্চকে ৪৬০ দাঁডিয়ে গিয়েছে। জিনিসপত্রের দাম চডার জন্য মানুষ প্রায় না খেয়ে মরার অবস্থায় এসেছে। চার্লের দাম বেডেছে একথা বলছেন, রাজ্যপালিকা মহাশরা স্বীকার করেছেন। এই বৃন্ধির কারণ দেখিয়ে তিনি বলেছেন যে লোকে বেশী খাচ্ছে তাই দাম বাড়ছে। রাজ্যপালিকাকে ননসেন্স বলতে পারি না কিন্তু মূর্খ *लाक* ছाড়া অন্য কেউ বলতে পারে না বে মানুষ বেশী খাচ্ছে তাই চালের দাম বেড়েছে। অন্যান্য জিনিসের দাম বাড়ল কেন? সেখানেও কি বেশী করে ব্যবহার করা হচ্ছে? যদি তাই হয় তাহলে এক কথায় লোকের অল আউট কম্পটিশন বেডে গিয়েছে বলতে হয়। একথা র্যাদ কেউ বলে তাহলে বলব এটা অত্যন্ত মিথ্যা কথা। রাজ্যপালিকা মহাশয়া খাদ্যের দাম বৃশ্ধির শ্বিতীয় কারণ হিসাবে বলেছেন যে, চাষীরা ধান মজ্বুদ করেছে। এখানে তিনি कन ६ ग्रामा, प्रक्रममात, कार्रकावाक वनलान ना, वनलान हायौ। এই कथा २ एठ वाका बाल्क छाँत র্ধনিক শ্রেণীকে সমর্থন করার মনোভাব। বড়লোকদের নাম করলে তাদের গায়ে হাত দিতে হবে : সত্তরাং চাষী বলে ছেভে দাও। জিজাসা করি প্রিভেনটিভ ডিটেনশন এটাই ছিল না এই ধরনের অসামাজিক কান্ধ যারা করে তাদের শাস্তি দেবার জন্যে? জিজ্ঞাসা করি রিজার্ড ব্যাঞ্ক च्यव रेन्छिया अरतन्त्रे म्हेक वान्कश्रामित्क त्कन त्याही होका मामन मिर्दाहिन? बाद बना कहेका-বাজরা ব্যাভেকর টাকাার খাদ্যদ্রব্য মজুদ করতে পেরেছে। এসব জিনিস সরকার বংধ করতে भारतन ना? वर्ष वर्ष कथा भूष, आह्य कारखंत रामाग्न किए, नारे। जाँत क्रजीय कारण रम

general rise in price. Rise in price is an effect, not the cause.

সাধারণ দাম বৃদ্ধি কেন হয়েছে? পরিকল্পনার ডেফিসিট ফাইনেনসিং নীতি পরিকল্পনার অর্থনৈতিক দৃষ্টিভগাীর জন্যই জিনিসপত্তের দাম বেড়েছে—একথা তো কৈ বললেন না? শ্ধ্ ফলটা দেখিয়ে দিলেন কারণটা দেখিয়ে দিলেন না। এর নাম বিশেলবণ? সরকারের অর্থনৈতিক পরিকল্পনার জন্যই । ক্রিক্তিরে দাম বাড়ছে আর তার ফলে মান্ধের জীবনধারনের মান ক্রমশ নেমে বাছে। একটি জারগাতেও রাজ্যপালিকা বললেন না বে, সাধারণ মান্ধের জীবনধারনের মান নেমে বাছে।

[At this stage the red light was lit]

Mr. Speaker, Sir, I want two minutes more please. I am the last speaker

Mr. Speaker: Please finish your speech.

# Sj. Subodh Banerjee:

নিউট্রিশনাল এয়াডভাইসরি কমিটিজ রিপোর্ট দেখন। সেখানে তারা বলছে, একজন লোকের শুর্ম প্রাম্প্যসম্প্রত খেতে ৩৪ টাকা ধরচা পড়ে। এই হিসেব আজকের নয়। আজকের প্রাইস ইনডের ধরলে ৪০ টাকা ধরচা পড়ে। এয়াডভাইসরি কমিটি আরও বলেছে যে, প্রতি সংসারে ৩.৫ ইউনিট আছে। তাহলে একটা পরিবারের শুর্ম প্রাম্প্যসম্বত খাবার থরচ মাসে ১৫০ টাকা। এই তো গেল শুর্ম খাবার থরচ। এ ছাড়া অন্যান্য খরচ ররেছে। তা ধরলে একটা পরিবারের খরচ লাগে ২৫০ টাকা। এইবার জনসাধারণের আরের দিকটা একট, দেখন। এই কলকাতা শহরে যারা কর্মে নিম্ভ তাদের মধ্যে শতকরা ১৯ জন ১ টাকা খেকে ১০০ টাকা রোজগার করে। শতকরা ৪০ জন ১০০ টাকা থেকে ২০০ টাকার কাজ করে। এই শতকরা ৬২ জন অভাবে ভূগছে। তংসভ্রেও সরকার বলছেন জীবনধারনের মান বাড়াবার ভাল ব্যবস্থা করে দিয়েছেন। জীবনধারনের মান নামার ফলে ঘরে ঘরে টি বি রোগ। টি বি ইজ্ এ সোসিয়াল ম্যালাভি। এর একমান্ত প্রতিকার হচ্ছে ভাল খাওয়া ভাল থাকা। বি সি জি এর প্রতিকার নয়. বি সি জি টীকা দিয়ে টি বি ঠেকান যাবে না। একে ঠেকাতে হলে জনসাধারণের জীবনধারণের মান বাড়ান দরকার।

Better amenities, better social service, free education, free medical aid এগুলি বলি বিনাম্ল্যে দিতে পারেন এবং তার মাধ্যমে প্রকৃত আয় বাড়াতে পারেন তবেই এর প্রতিকার হতে পারে।

প্রান্ধপতিদের লভ্যাংশ হতে মোটা অংশ কেটে নিয়ে বাড়ী তৈরী করান হবে এবং সেই বাড়ীগুলো অলপ ভাড়ায় কিংবা বিনা খরচে শ্রমিক স্পান্ধরে থাকার বাবস্থা কর্ন। এ জিনিস কেন করেন না? শুধু বললে হবে না—কোমরে গামছা বাঁধ। গামছা এত জোরে বে'ধে দিয়ে পেট আর পিঠ ঠেকে গিয়েছে। আর কমতে গেলে পিলে চিপটে শেষ হয়ে যাবে। পট বেলইড পার্জিপতি যারা আছেন তাদের গামছা বাঁধতে বল্ন। তার কোন চিহ্ন নেই। তাকে চুড়ান্ত নিন্দা করা ছাড়া আমি আর কোন ভাষা খাঁকে পাই না।

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow.

# Adjournment.

The House was then adjourned at 7-2 p.m. till 3 p.m. on Thursday, the 6th June, 1957, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 6th June, 1957, at 3 p.m.

#### Present:

Mr. Speaker (The Hon'ble Sankardas Banerji) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 215 Members.

[3-3-10 p.m.]

## Refusal of consent to an adjournment motion

## Sj. Saroj Roy:

মিঃ স্পীকার সাার, আমার একটা এ্যাড্জোর্নমেন্ট মোশন ছিল, সেটা আজ আপনাকে দেওয়া হরেছে। দ্ংথের বিষয় আপনি সেই এ্যাডজোর্নমেন্ট মোশন রিফিউজ করেছেন। যখন দ্দিন আগে ফ্রড সিচুয়েশন এর উপরে দ্টো এ্যাডজোর্নমেন্ট মোশন এসেছিল সেটা আপনি 'রিফিউজ' করেছিলেন: অথচ আমাদের অবস্থা ক্লমশ খারাপ হছে। অবস্থা এত খারাপ হছে যে থবরের কাগজ মারফত—

- Mr. Speaker: You can read your motion to the House but not the statement.
- Sj. Saroj Roy: The Proceedings of the Assembly do now adjourn to raise a discussion of urgent public importance and of recent occurrence, viz., worsening of the food crisis in West Bengal resulting in starvation deaths in the districts of Bankura, Hooghly, Midnapore, Nadia, Murshidabad and others. My short statement is this...
- Mr. Speaker: Please do not read the statement; it is not part of the motion. Please do not embark upon a discussion.

## Sj. Saroj Roy:

যদিও আপনি রিফিউজ করেছেন স্যার, তব্ বলছি, আজকে বাংলাদেশের যেরকম অবস্থা হয়েছে—

Mr. Speaker: Will you please not discuss? You have rend the motion, you cannot discuss any further.

#### Sj. Saroj Roy:

ডিসক।সন নয় স্যার, এটায় দরকার রয়েছে।

Mr. Speaker: I have given my ruling; please. The debate will start now.

#### Amendments to the Motion of Address in reply to Governor's speech

#### 8j. Hare Krishna Konar:

্মাননীয় প্পীকার মহাশয়, এই শীতাতাপ নির্মাণ্ডত ব্যরে বাহিরে বখন বাংলাদেশের প্রত্যেকটা জেলার লাখ লাখ মান্ত্র অনাহারে এবং অর্ধাহারে ধ'্কছে, বখন প্রতিদিন সংবাদপতে অনাহারে মৃত্যু এবং আত্মহাতার মর্মপুদ খবর আস্তে, তখন আ্মাদের সামনে মাননীরা রাজ্যপালিকা মহাশয়া তাঁর বক্তার মধ্যে বে চরম আত্মস্তুভি এবং স্ব ঠিক আছে এইরক্স

একটা মনোভাব ফাটিরে তুলেছেন তাতে আমরা ক্তান্তিত ও আত্তিকত হরেছি। আত্তিকত মুক্রেছি এইজনা বে সর্কুর্রী নীতি সন্মটের প্রতিকরে লা করে াস্কটকে বাড়িয়ে তুলছে। সরকারের অতি নগ্না রাক্ত্রা মানুহের মাতৃহকে রোধ করতে পারছে না। মুখে বতই বলা যাক চেন্টা করা হচ্ছে এবং সরকার সর্বাণা সচেতন আছেন, তাহলেও আত্তিকত হবার কারণ আছে কারণ এইরকম চল্লে বাংলাদেশকে চরম বিপর্যরের হাত থেকে বাঁচান যাবে না।

আমি প্রথমেই আঞ্চলের একটি সংবাদের প্রতি আপনার দৃশ্টি আকর্ষণ করতে চাই। আঞ্চলের সংবাদে প্রকাশিত হরেছে যে কলকান্তার বিভিন্ন রেল গোডাউন এবং রেলওরে ইয়ার্ডে এক লক্ষ্ম ৭০ হাজার থেকে ৭৫ হাজার মণ চাল জমা হয়ে রয়েছে, এই চাল চার্মাদন ধরে পড়ে রয়েছে, ছাড়ান হচ্ছে না। প্রাইডেট ব্যবসারীরা বাংলার বাইরে থেকে এই চাল নিয়ে এসেছে। আর এও জানা গিয়েছে বে রেলওরে কর্তৃপক্ষ আশুষ্কা করছেন যে, এমনভাবে ট্রাম্সপার্ট বটলানক্ হতে থাকলে বাহির থেকে আর আমদানী সম্বন্ধে তাঁদের কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমি শুখু এইট্রকু বলতে চাই বে, আমাদের মুখ্যমন্ত্রী নানা রকম থিয়োরি খাড়া করতে স্বর্ম্ব করেছেন এবং চালের সঞ্চো বহুম্বের রোগের কী যোগস্ত্র আছে এবং চাল খাওয়াতে কি কি অস্থিয়া হচ্ছে ইত্যাদি বলছেন। তিনি যখন বসে এইরকম থিয়োর করছেন তখন তাঁরই চোখের সামনে দেখা যাচ্ছে ১ লক্ষ্ম ৭৫ হাজার মণ চাল সেখানে পড়ে রয়েছে।

আমাদের সরকার চালের সন্থান পান না অথচ দেখা যাছে বাংলার বার থেকে যথেন্ট চাল সংগ্রহ করা বার। ১ লক্ষ ৭৫ হাজার চাল মানে—যিদ সংতাহে দুই সের করে রেশন দেওয়া যার তবে প্রায় সাড়ে ৮ লক্ষ লোককে এক মাসের খাদ্য দেওয়া যেতে পারে। এইরকম-ভাবে লক্ষ লক্ষ লোকের খাদ্য মান্দেএইটো হাতে পড়ে রয়েছে অথচ আজ বাংলার চারিধার থেকে খাদ্যাভাবে অনাহারে মৃত্যুর খবর আসছে। আমরা আশা করব এই চাল অবিলাদেব রিকুউজিশন করে নেওয়া হোক এবং রিকুউজিশন করে তাড়াতাড়ি বিভিন্ন জেলার পাঠান হোক। তাহলে অকততঃ সাড়ে ৮ লক্ষ মান্যকে এক মাস চাল দেওয়া যাবে। এইরকমভাবে আরো খোঁজ করলে দেখা যাবে বে, বাংলাদেশেও প্রচুর চাল পাওয়া বাবে বিদ সরকার এই বিষয়ে সচেতন হন বা দুন্টি দেন। বাইরে থেকেও সেইরকম চাল আসতে পারে।

বাংলাদেশে আজ ষথন এই সংকট স্ত্রু হয়েছে—একে শ্যু সংকট বললে ভূল হবে—তথন আশ্চর্যের কথা এই যে মাননীর রাজাপালিকা মহাশারার বক্তার এই খাদাসংকটের কথার উল্লেখ দেখছি না। তিনি অত্যত স্চতুরভাবে 'সংকট' কথাটি এড়িরে গেছেন এবং এড়িরে গিরে বলেছেন এই খাদ্য পরিস্থিতিতে তাঁর গভর্নমেন্ট চিন্তিত। দেখা যাছে যে—এই খাদ্য সংকটকে গভর্নমেন্ট অত্যত ছোট করে দেখছেন অথচ এই সংকট সন্বন্ধে আমরা যতট্কু সংবাদ সংবাদপত্রে পাছি এবং যতট্কু গ্রাম খেকে পাছি ভাতে বলতে পারি বে, ১৩৫০ সালের পর এত বড় সংকট বাংগলা দেশে দেখা দিরেছে কিনা সন্দেহ। শুযুর যে কটা জেলা বন্যায় কতিগ্রস্থ হরেছিল সেই কটা জেলা নর বাংলার এমন কোন জেলা নাই যেখানে লক্ষ লক্ষ মান্ব দ্রভিক্ষের কবলে পড়ে অনাহারে এবং অর্যাহারে না ভূগছে। দৈনিক সংবাদপত্রে মৃত্যু এবং আশ্বহত্যার শোচনীর খবর বাহির হচ্ছে, আমি শুযুর দুই একটা আশনাদের কাছে বলতে চাই—

- (১) নদীয়া জেলার মহেশগড়ের জিতেন ঘোষ টেস্ট রিলিকএর কাজ স্বর্ হয়েছে শ্নে কাজের জন্য যায় এবং কাজ না পেরে বাড়ীতে ফিরে আনে; কাজ পেল না বলে অনাহারে কন্ট সহ্য করতে না পেরে আত্মহত্যা করতে গিরেছিল, পাশের প্রতিবেশীয়া কোনরক্ষে তাকে রক্ষা করে।
- (২) চাপড়াখানার ভর্মিপরে ইউনিরনের আসমানী বিবির গলার বড়ি বিরে মৃত্যু হরেছে।
- (৩) দীঘড়ি গ্রামে উন্সাস্কু কৃষক মহীন্দ্রের দ্বী আত্মহত্যার চেন্টা করে—ছেলেপ্রলের জনশনের কন্ট দেখতে না গেরে।

- (৪) হাসখালি থানার চাপজ্যানে প্রেমচীর গলার দড়ি দিরে ময়ার চেক্টা করে 🗀 🙉
- (৫) ভীমপুর ইউনিরনের মুড়াগাছা গ্রামের হরিপদ হালদার ছেলেপ্রেলের খাদ্য ক্ষট সহ্য করতে না পেরে গলার দড়ি দের।
- (७) कानीशक थानात ननीरभाशान मन्छन ১৯८म स्म शिठा-१८३ म् क्रांस शनात मिछ वीर्थ।
- শান্তিপরে থানার নিতপ্রের গ্রামের জনৈক ক্বকের স্থাী ৯ই জ্যান্ত ছেলেকে খেতে
  দিতে না পেরে আত্মহত্যার চেন্টা করে।

## [3-10-3-20 p.m.]

- (৮) পশ্চিম দিনাজপুরে ভাহাপাড়া গ্রামের অবনী বর্মণ, চারদিন অনশনে থাকবার পর আত্মহত্যা করবার চেন্টা করেন।
- (৯) গণ্গারামপরে থানার রাজীবপরে গ্রামের লক্ষ্মী মুম্ব কাজ বোগাড় করতে বহু চেন্টা করে কাজ পার বটে—কিন্তু তাকে আর পারিপ্রমিক নিতে হ'ল না, তার মধ্যেই লে মৃত্যুর কোলে ঢলে পড়লো।
- (১০) বর্ধমানের কাটোয়ায় পান্হাট গ্রামের স্বেন্দ্র চক্রবর্তী কয়েকদিন উপবাসে থাকবার পর ৮ই মে তারিখে প্রাণত্যাগ করেছে।
- (১১) মেদিনীপুরে গড়বেতা থানার ৪নং ইউনিয়নের ললিতগঞ্জ গ্রামের কিসমং খাঁ বাব্ই ঘাসের দড়ি পাকিয়ে কোনপ্রকারে সংসার চালাত। কিল্টু সে কয়েকদিন অনশনে কাটবার পর স্থা-প্রদেশ আত্মীয় বাড়ীতে রেখে কাজে বেরিয়েছিল, কাজ সেরে আর বাড়ী ফিরে যেতে হল না. সে ওখানেই প্রাণত্যাগ করেছে।
- (১২) পশ্চিম দিনাজপ্রে কালীগঞ্জ থানার বাশেশ্বর বর্মণ অনাহারে মারা গেছে।
- (১৩) বর্ধমানের কেতুগ্রাম থেকে আমাদের মাননীর শ্রুফ্ড্রান্ট্রানির্বাচিত হয়েছেন। সেখানের নবগ্রামের জ্যোতি বারেন ও উবা বারেন না খেতে পেরে মারা গিরেছে।
- (১৪) খাজিনডিহির রঞ্জন ঘোষ খেতে না পেয়ে গলার দডি দিরে মারা গেছে।
- (১৫) নদীয়া জেলার কোতোয়ালী থানায় দিকনগর গ্রামের দ্লাল দ্মর্না করেকদিন অনাহারে থাকবার পর গলায় দড়ি দিয়ে আত্মহত্যার চেন্টা করে।
- (১৬) রাণাঘাটে একটি ইউনিয়নে অর্ফাণ্ডত অশোক কলোনীর জনৈকা মহিলা অনাহারে মারা গিয়েছে। সেটা ইউনিয়ন বোর্ড ও স্বীকার করেছেন।
- (১৭) ন'পাড়ার মৃস্-ভা ইউনিয়নের জনৈক খেতমজনুর অনাহারের জনালায় আত্মহত্যার চেন্টা করে।
- (১৮) আড়বদদী ইউনিয়নের বাথানগাছি গ্রামের ফটিক দুলে ও পাগলা দুলের স্থাী দু-তিন দিন অনাহারে থাকবার পর আত্মহতা। করেছে।
- (১৯) নদীয়ায় মহেশনগর গ্রামের জিতেন ঘোষও খেতে না পেরে আত্মহত্যার চেন্টা করে।

এইভাবে অসংখ্য গ্রামের অনাহারে মৃত্যুর খবর ১৩৫০ সালের দ্বভিক্ষকে সমরণ করিরে দের। অথচ দেখা বাচ্ছে আমাদের সরকার এই সংকটকে অত্যুক্ত ছোট করে দেখছেন। আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন জেলা থেকে এইরকম অনাহারে মৃত্যুর খবর নিতাই আসছে।

8j. Jyoti Basu: Mr. Speaker, Sir, may I draw your attention to the fact that when such speeches are being made on the food situation and deaths due to starvation, neither the Chief Minister nor the Food Minister Shri Prafulla Chandra Sen is there. This is very wrong.

[The Hon'ble Siddartha Sankar Roy rose.]

[Sj. Hemanta Kumar Ghosal also rose.]

Mr. Speaker: Mr. Basu is on his legs and neither side should disturb him.

- 8]. Jyoti Basu: My only request to you is to see that on such urgent matters when speeches are being delivered the Ministers are present. I do not know what pressing business keeps them away from the House.
- Sj. Rajani Kanta Pramanik: I am taking notes on behalf of the Minister.

The Hon'ble Siddartha Sankar Roy: Sir, everything that is being said here will be reported to the Chief Minister and the Food Minister—the Food Minister has come just now.

Dr. Jnanendra Nath Majumdar: It is not a question whether everything is reported to the Ministers; it is a disrespect to the House that neither of the Ministers is present here.

#### Si. Hare Krishna Konar:

স্যার, আমরা দেখছি, নদীরা, মুর্শিদাবাদ, বর্ধমান এবং বাংলার অন্যান্য বিভিন্ন জেলা থেকে এইরকম শোচনীর থবর পাছি, বা প্রায় দৈনিকই সংবাদপতে প্রকাশিত হছে। নদীরার যে সমসত লগারখানা খোলা হরেছে, সেখানে সামান্যমাত খাল্য দেওরা হছে। অথচ হাজার হাজার মানুষ সেখানে খাদ্যের জন্য ভাঁড় করছে। এ থেকে একটা জিনিস বোঝা যাছে যে মানুষ অত্যুক্ত বিপদে না পড়লে তার আক্ষমন্থান জ্ঞান হারিয়ে গ্রুরেল কিচেনের সামান্য খিচুড়ী খেতে আসে না। সেখানে হাজার মানুষ ভাঁড় করছে, কিন্তু খাদ্য পাছে না। ১০৫০ সালের পর বাংলাদেশে আর কখনও লগারখানা খুলতে হয় নাই। কিন্তু এবার খোলা হরেছে। লোকে ঘটিবাটী বিক্লী করছে। এমনকি পেটের জন্মলার চার পাঁচলো টাকা ম্লোর এক এক বিঘা জাম অলপ দামে অত্যুক্ত কঠোর সর্তো বিক্লী করে দিছে। শুধু এট্কু বলা দরকার যে এই সংকট আপ্সে আসে নাই, বা আপসে স্ছিট হয় নাই। শুধু খাদ্যের ফলন কম হয়েছে বলে এই সংকট আপ্সে আসে নাই, বা আপসে স্ছিট হয় নাই। শুধু খাদ্যের ফলন কম হয়েছে বলে এই সংকট স্ছিট হয়েছে তা নয়। আমি সোজাস্ভি বলতে চাই এবং অভিযোগ আনতে চাই গভনামেন্টের বির্দ্ধে যে তাদের চরম অবহেলা ও অপদার্থতার শ্বারাই তারা এই সংকট স্ছিট করেছেন। ১০৫০ সালের দুছি ক্ষেক্ত মনুষ্য-স্ভুট দুছিক বলা হয়। আবার দেখছি তারই প্নরাভিনর আরম্ভ হয়ে গেছে। আমাদের সরকার আজ নানারকম সংখ্যাতত্ত্বের বড় বড় হিসাব দিয়ে জনসাধারণকে প্রবণ্ডিত করবার চেন্টা করছেন।

এটা যদি সত্য হয়ে থাকে বে গত বছর থেকে এবারে ২ লক্ষ টন খাদাশস্য বেড়েছে, তাহলে একটা কথার জবাব দিতে হবে এবং জবাব দেওয়ার প্রয়োজন আছে। আগেকার সালে যদি দৃই লক্ষ টন বেশী উৎপাদন হয়ে থাকে, তাহলে এত বড় সংকট এবং এত বেশী অনাহারে মানুবের মৃত্যু কেন হচ্ছে? নিশ্চয়ই গভনমেন্টের পালিসির ভিতর কোন প্রয়ুতর কুটি আছে।

গত বন্যার পর গভর্নমেন্টের বোঝা উচিত ছিল এবং কোন গভর্নমেন্টের এতট্রকু দারিছবোধ থাকলে সহজেই তাঁরা ব্রুবতে পারতেন বে বেখানে বন্যায় ৫২ লক্ষ লোকঅধ্যুষিত এলাকা বিধ্বত হরে গেছে। তা ছাড়া মালদহ, পশ্চিম দিনাজপুর ও আরো অনেক জেলার ফসল নত্ত হরেছিল। বাংলাদেশে বিপর্যরের ফলে এতগুলি জেলার ফসল বদি নত্ত হয়, তাহলে বাংলাদেশের ভবিষাং সম্পর্কে সরকারের সাবধান হওয়া উচিত ছিল।

তারপদ্ম রবিশালোর চাব জ্ঞাল হর নাই। গামের শিব হরেছে বটে, কিল্তু তাতে দানা হর নাই। এটা গভর্নমেন্টও শ্বীকার করেছেন। একে অমিনাস বলবো। ধানচাব নন্ট হরে গোল, গম হল না—এই বেখানে অবন্ধা, সেখানে গভর্নমেন্টের বোঝা উচিত ছিল বে ভবিবাতে অবন্ধা থারাপ হতে পারে, তার জন্য ব্যবস্থা অবল্বন করা উচিত।√১০৫০ সালের পর জন্মান্দের ধানের দর নাছ। কিল্তু এবার দেখা গেল অন্তাপ-পৌরে ধানের দর না করেছ

আরো বাড়তে আরশন্ত করলো। আমরা দেখেছি এই আইন সভার বানসার স্থীবিভিন্ন যুখার্ছণী মহালার এ বিবরে সরকারের দৃশ্তি আকর্ষণ করেছিলেন। অথচ সরকার সচেতম হলেন না। প্ররেজন ছিল গভর্ন কেন্টের ল্টক সংগ্রহ করা। কিন্তু দেখা গেল, সরকার এক ছটাক ধান বা চাল সংগ্রহ করলো না। বরং তারা বললো সব ঠিক আছে। অন্যবিকে দেখা গেল রিজার্ডা ব্যাক্ত ও সিভুল ব্যাক্ত থেকে অগ্রিম প্রচুর টাকা মিলমালিকদের ও মহাজনদের দাদন দেওরা হল। এ বিবরে একটা হিসাব দিতে চাই। সারা ভারতবর্ষের কথা বলছি—আগের বছর ১৯৫৬ সালের ভিসেশ্বর পর্যাক্ত ৬ কোটি ৬১ লক্ষ টাকা আ্যাক্তভাল্য করা হ'ল; আর এবার ১৯৫৭ সালের ফান্রেরারী পর্যাক্ত ও কোটি ৬১ লক্ষ টাকা তাদের অ্যাক্তভাল্য করা হ'ল; আর এবার ১৯৫৭ সালের জান্রেরারী পর্যাক্ত ও বল টাকা আ্যাক্তভাল্য করা হল। বাংলাদেশে ১৯৫৬ সালের জান্রেরারী পর্যাক্ত বিভাগ আ্যাক্তভাল্য করা হরেছিল, এবার জান্রেরারী মাস পর্যাক্ত এক কোটি ৪৮ লক্ষ টাকা আ্যাক্তভাল্য করা হরেছিল, এবার জান্রেরারী মাস পর্যাক্ত এক কোটি ৪৮ লক্ষ টাকা আ্যাক্তভাল্য করা হরেছে। তার মানে বিদ ১০ টাকাও ধানের দর ধার, তাহলে ঐ টাকার বাংলার ১০ লক্ষ মণ চাল মজ্বত করতে পেরেছে। ঐ চাল বিদ জনপ্রতি সম্ভাবিদে পারি। এটা গভর্নমেন্টের টাকা থেকে হতে স্থেরছে। আমি জানতে চাই গভর্নমেন্ট কেন এই সক্ষেটের সামনে নিজে ঐ টাকা দিরে চাল কিন্তোন না, উল্টো ব্যাক্ষ মারক্ত টাকা দিরে গভর্নমেন্ট এদের এত ধানচাল মজ্বত করতে দিলেন ? টি

একটা রিপোর্ট বেরিরেছিল, যে বাংলাদেশের রাইস মিল ওনার আ্যাসোসিরেশন ও রাইস ডিলার্স আসোসিরেশন নাকি কংগ্রেসের নির্বাচনী তহবিলে বহু টাকা দিরেছিলেন। আমি कानएं ठारे धरे धान्छान मत्रकारत्रत्र निरक्षत्र ना स्कना, धरः मर्ल्ण मर्ल्ण वावमात्रीरमत्र शहन **ोकार्काफ मिरा धानठाम रकनारनात मरभा जत रकान मन्यन्ध खारक किना? जो बापामन्तीत कार्य** থেকে আমি জানতে চাই 🗸 এইরকম একটা চরম অপদার্ঘতা ও চরম অবহেলার ফলে বর্তমান मञ्कर मृथि रहारह। এर मञ्करित मर्सा आब आरेनम्का मृत् रहारह। मरश्करे भारा नगीता म् मिनावान वा कानना-काछोत्राय नय, नमन्य कानाय धरे नाक्ष्य आयम् इत्याह, कान काना আজ বাদ আছে, তা বলা বার না। এইরকম সংক্টের মধ্যে আমরা কি দেখছি? প্রথম গভর্নমেন্ট স্বীকার করকোন না। মে মাসের আগে বত বিবৃতি সরকার দিরেছেন তাতে এই সংকটের কোন উল্লেখ নাই, বলেছেন সব ঠিক আছে। তারপর মে মাসে সরকার স্বীকার করতে বাধ্য হলেন, যখন বিভিন্ন জেলায় হাজার হাজার মানুষ এস, ডি, ও; ডি, এম, প্রভৃতিকে ঘেরাও করতে আরম্ভ করলেন। তখন তারা বলতে আরম্ভ করলেন "আমাদের কোন স্টক নাই। আমাদের উদ্দেশ্য তো ভাল, আমরা দিতে চাই, কিল্ডু হাতে পটক নাই-- कि कরবো?" এই অবস্থায় কি উচিত ছিল গভন্মেশ্টের? কি দায়িত ছিল গভন্মেশ্টের? তথন তাদের উচিত ছিল মান্যের সাহায্যের জন্য ছুটে বাওয়া, বেমন করে হোক স্টক সংগ্রহ করা। দিল্লীর কেন্দ্রীর गर्फन स्मरागेत काष स्थरक प्रेक मश्चर कत्ररू भावरूचन, मिल ध्वर खनााना मालिकस्मव कार्र्ड, ख ধানচাল আছে. তা সরকার সংগ্রহ করতে পারতেন।

[3-20-3-30 p.m.]

আমরা আশ্চর্য হরে দেখলাম প্রথমে দিল্লী গভর্নমেন্টএর কাছে বলা হল তিন লাখ টন খাদা চাই, তারপর দেখা পেল দিল্লী গভর্নমেন্টএর চাপে বল্লেন দৃই লাখ টন, তারপরে বল্লেন এক লাখ টন। এখন তো আমরা সঠিক ব্বতে পারছি না। রাজাপালিকা মহাপরা বলছেন তিন লাখ টন গম পাওরা বাবে, তার পরেই হিসেব দিছেন মাসে ০৬ হাজার টন করে পাওরা বাবে। মাসে ০৬ হাজার টন কোরে পোলে তিন লাখ টন পেতে ক'মাস লাগে আমরা ব্বতে পারছি না। তা ছাড়া চালের কি হ'ল? চাল তো স্বচেরে কেলী প্ররোজন। চাল বিদ নাই থাকে তাহলে এইরকমভাবে ন্টেলনএতে লেড় লাখ মল পোনে দৃই লাখ মল কোথা খেকে এল, বলি বাংলার বাইরে চাল না পাওরা বার? আমি জিজ্ঞাসা করি বড় বড় কিলাগুলির হাতে ও মহাজনদের হাতে বে চাল আছে সেগ্লিকে দেবার কি বাবলা হরেছে? বাবের হাজার হাজার হাজার বিঘা জীয় আছে, বাবের হাজার হাজার মানের বানের মড়াই আছে তানের কাছ থেকে নেবার কি ব্যবন্ধা হরেছে? অথচ আজকে দেবছি রভ্লেন্সিন নতুন বিভারী বের ক্লাক্রের বে পেলানেট অর্থান চালীরা মজতে রাখছে ২/৪ ক্ল

कारत ताथरमध का वद् हरत बारवा कारकात अरबाराज्य! करू वर्ष भिमामीमकग्रीमरक ও वर्ष वर्ष वावजामात्रसम्ब धेवर छाएमत मन्द्राज बान्सामभू निर्दर बीठावात समारे जास माधात्रण ठामीएमत कथा जूरन शृज्जन मृचि करा रहिन। रूम मिट वह वहरावर धानहान मिलना रहिन मा? जानदा রাজী আছি, বিরোষীপক্ষের মান্তে নিশ্চরই এই ব্যাপারে সরকারের সঙ্গে কো-অপারেট করতে রাজী, বড় বড় জমির মালিক বারা; বড় বড় মিলমালিক যারা তাকের ধানচাল বলনে আমরাও अन्यान पिरत पिरवा काषात्र আছে ना व्यरह। शस्त्र राम्ये श्रीज्ञत्तीर्थ मिन रव अन्यान श्राकरण সেগালিকে রিকুইজিশন করবেন এবং তা আপনারা সাধারণ লোকের কাছে বিলি করবেন। সেটা করবেন কি? তা যদি না করেন তাহলে সহবোগিতার প্রন্ন আসতে পারে না। তারপরে আর একটা জিনিস আমরা লক্ষ্য করতে পার্রাছ তাহলো এই রাজ্যপালিকা মহাশরা বলেছেন--

My Government is fully alive to the situation and they are determined to take all possible measures.

भार, जारे नम्र करता नाकि यथापे दावन्था शहन करतरहन अवर "एन आत्र फिरोर्वाभन्छ है, हिक অলু প্সিবল মেজার্স !" সমুহত ব্যবস্থা তারা নাকি গ্রহণ করবেন। কিন্ত কি ব্যবস্থা? আমরা একটা নতন কৌশল দেখছি গভন মেন্টের। অশ্তত আমার চোখে পড়েছে, সে হ'ল কি-না বখন সংকটকে অস্বীকার করা যাচ্ছে না—হাজার হাজার মান্য যখন এস ডি ও. ডি এমদের অতিণ্ট করে ছাডছে-এমনকি মাননীয় একজন সদস্য এখানে বললেন তাদের নাকি অর্থাৎ কংগ্রেসের এম এল এদের নাকি হর থেকে বেছনো মূম্পিল হরে পরছে, বখন দেখা গেল সংবাদপত্যুলি,— শুধ্ বিরোধীপক্ষের সংবাদপত্ত নয়, বেসব সংবাদপত্ত নির্বাচনের সমর কংগ্রেসকে সাহায্য করেছে সেইসব সংবাদপত্রও দুর্ভিক্ষের কর্মণ চিত্র দিতে আরম্ভ করল, ফলে বখন আর গভর্নমেন্ট সংকটকে অস্বীকার করতে পারলেন না—তখন মূখে বললেন 'হা সংকট হয়েছে, তবে কি চাই-সব দেব! মডিফায়েড র্যাসান ঢালাও দেব ; টেন্ট রিলিফ ব্যাপকভাবে করব : গ্রুয়েল কিচেন ব্যাপকভাবে করব এবং করছি। সব জিনিষ করব।" কিন্তু দেবার সমন্ন কিন্তু নেই। আমরা रमर्थोष्ट वर्फ वर्फ कथा वना इटक्ट किन्जु त्य कान कान्नगात्र यान रम्थतन, विरमव किन्द्र नाहे। काशरक कलरम नव वावन्था আছে : किन्छ धन, जि. अस्त विख्वाना कत्न-जि. धमरान विख्वाना কর্ন,-তারা ৰলবেন-হা মাডফারেড র্যাসান এর দোকান তো ঠিক করে দিরেছি সব জারগতে। কিন্তু চাল? 'ওটা ঘটকএ নাই!' আমি শ্ব্ধ কয়েকটি উদাহরণ দেব,—তাহলেই ব্রুতে পারবেন। গভর্নমেন্ট হিসেব দিক্ষেন কড চাল পাঠিয়েছেন! কিন্তু ৩০এ মে তারিশে নদীয়ার জেলার ম্যাজিস্টেটের সপো দেখা করা হরেছিল : তিনি বললেন আমার হাতে যা চাল আছে আমি শুধ্ গ্রুরেল কিচেনে দিতে পারি মডিফায়েড র্যাসান সপএ চাল দিতে পারি না, আপনারা বাই কর্ত্রন ২২এ মে তারিখে আমি নিজে কালনায় এস-ডি-ওএর সপে দেখা করেছি। তিনি বললেন.— পূর্বস্থলী থানার, যে থানার প্রতিটি ইউনিয়ন বন্যায় বিধরত হরেছিল (যা আমাদের মাননীয় भगभा विभागानम्य वाव त अमाका) स्मर्थातः भत्रकाद्वत् शास्त्र चेक चाह्य मात् ४ मग हान । चादता সংবাদ হচ্ছে এই বে মেদিনীপুর জেলায় আজ পর্যন্ত একটা জায়গাতেও মডিফায়েড র্যাসান সপ খোলা হয়নি এবং তাদের চাল দেওয়া হয়নি। কি ময়না খানাই বলুন, কি নন্দীগ্রাম থানায়ই বল্প তাদের চাল দেওরা হর নি। এই হচ্ছে সরকারের প্রতিপ্রতি, আর এদিকে বলছেন সব ঠিক আছে। বর্ধমানে খবর হল, রেডিয়োতে বেরিরে গেল, ২২টা রেশন সপ খোলা হয়েছে, जयरु जात अक्षेरारञ्ज थामा नाष्ट्र। भि, पि, जाहे, ब्रह्मपेत्र मश्याम निराम्न रव अक्षेरारञ्ज थामा नारे. ता न्डेक आप्कारकत्वा। ध्रधनीक त्वभूषि न्यानीय अधिनाद्धपत्रक त्वकायवा स्कार्कन এই গভন মেন্ট। তারা চালাও প্রতিপ্রতি দিক্ষেন, ফাছেন গভন মেন্ট কথন প্রতিপ্রতি দিক্ষেন, जामता उपन मौहरे ठान एनर। जयह ১०-১৫ मिन भन्न भन्न धकरे कथा वनरहन एन अपना अरम প্রেশিছার মি। এরচেরে চরর রসিকতা কোন দেশের গভর্নকেন্ট করতে পারেন কিনা সন্দেহ। ঠিক তেমনি দেখছি টেন্ট বিলিকএর কাজ। বলা হচ্ছে বে ব্যাপক আকারে করা হরেছে। কত লক লোক নিরোজিত করা হরেছে, ইভ্যাদি। আমি কর্মান জেলার লোক,—নেখানে কাটোরা ও कानमा महकुमा कमान्त विधान्छ हर्राष्ट्रका। आमि ५ मिन चारभन धरन कानि जनसाम मात्र अपि জারগার টেন্ট রিলিকের কাজ হচ্ছে এবং তাতে ভিন সাড়ে ভিন হাজার লোক কাজ পাছে এবং भवाती जातन तरका राष्ट्र वाह अर नेका. वर्षार ४० किटेविक कि वाहि काहेत काल कहाता

এक টাকা পাবে। करत्रकिन जारम जामि, बीक्स्मियायः, निव्यक्तियः , हेजारिन विधानवायः कारह एड १८८१ ना विकास कार विधाननान्त का इरतीय दि के अपने अपने अपने कार्य कार् रक्रिं म्क्रिना रुत राहर ७ थ्व भड़, समारन मान्य वहे अवन्यात वड क्य मब्द्रतीरड कीडाएव কাজ করবে। তাতে তিনি বলেছিলেন বে. ৪-৫ হাজার টাকা মাইনে ছিনি পান, তিনিও চো ব্লেন-কথ্য আছে : আর দৈনিক এক টাকা যে পার সেও বলে কণ্টৰ আমরা আশ্চর হরে গোলাম এই ভেবে বে একটা রাজ্যের মুখ্যমন্ত্রী জনসাধারণের প্রতি এতটা ছণা রাখতে পারেন। মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখছি হঠাৎ সম্প্রতি গভনমেন্ট একটা সাকুলার পাঠিরেছেন বে টেস্ট রিলিফ কাজে তিন দিনের বেশী নগদ মজ্বরী দেওয়া বাবে না। আর চার দিন গম নিতে হবে আড়াই সের করে। আশ্চর্য! একটা মানুষ রাতারাতি কখনো স্টম্যাকএর অবস্থা পরিবর্তান করতে পারে না। জানি না বড় ডান্তার হয়েও এই কথা ফলেন কি করে যে বাপদাদা চৌন্দপ্রেষের আমল থেকে মান্য বেভাবে খেতে অভ্যন্ত হয়েছে সেটা রাতারাতি বদলে একটা মান্য তার পেটটা পরিবর্তন করে দিতে পারে। তার উপর মাল্য বথন খাদ্যাভাবে মরতে বায় তখন বদি তার অভ্যানত খাদ্যের পরিবর্তন করা বার তাতে বরং নানারকম অসুখে দেখা एमंत्र। हाम कि भावता विक ना? किन करे हाम एमक्त्रा इस्त ना वा स्थिमनक भएए जाएह, वा গ্রদামে আটক পড়ে আছে, কেন বড় বড় মহাজনদেরও মিলের চাল আটকান হবে না। বিধানবাব, সেদিন আমাদের ডেপ্টেেশনএর কাছে বলেছেন বে হাাঁ, চাল পাওরা বার বার্মা থেকে চাল পাওরা যেতে পারে, কিন্তু আমাদের ডলার ডিফিকালটি আছে। বাংলাদেশের সংকটাপল মান্ত্র ও বামার চাল, তার মধ্যে আবার ডলার ডিফিকালটি কিলের? তার সমাধানের কি কোন ব্যবস্থা করা যার না? না কি আসলে আমেরিকা ও অস্ট্রেলিয়ার গম আমাদের গেলাতেই হবে? তব্ তারা বলবেন, উই আর ফ্রান্ন র্যালাইড ট্ দি সিচুয়েশন वलदन, यरथचे किए, कतरून। आमि शाहरेगेत्र तिनिक त्रन्यत्य किए, वनरू हारे ना, कात्रन সেটা না বলাই ভাল। কৃষিঋণ সম্বশ্ধে, আশ্চর্য! গতবার বন্যা হল, তার উপরে দুভিক্ষের ञ्चवन्था, वृध्यि नारे, मापि स्मर्प्त यास्क, स्मार्क हाथ कद्गर कि करत? स्मार्कना भाववारतव सहस्त्र ঁবেশী কৃষিখণ দেওয়া উচিত, কিন্তু আজ পর্যস্ত কৃষিখণ দেওয়া হয়ন ি। তার উপর গত दछत रायशास्त मुद्दे रकां हि होका आश्यान कता इराह्मिन, रमशास्त व्यवहत माह वक रकां हि मन लक्क ठोका आाश्यान कता श्राहर, छन् वनरान,-'अर्धनरामचे हेख स्ट्रीझ ग्रामाहरू हे पि সিচুয়েশন' এবং যা কিছু, প্রয়োজন সবই করবেন!' মাননীয় স্পীকার মহাশর, আমি আর একটি কথা বলতে চাই, গ্রুয়েল কিচেন কডকগ্রাল করা হয়েছে, সেখানেও দেখবেন, ভদ্রলোকের এক ক্ষা! সেখানে দেওরা হচ্ছে—তিন মণ চালডাল! সেখানে ৬০০-৭০০, ৮০০-১,০০০-২,০০০ লোক হোক, তব্ তিন মণের বেশী পাওয়া যাবে না। তা ছাড়া গ্রুরেল কিচেন সব জায়গার रक्ष्यां, त्रथात्न मान्यत्र नावी तरहर्षः। आक्षर्क त्रव किस्त्र क्रांत्र श्रासकन,--रामन करहरे रहाक ठान **आभागों केंद्रा**क हरत। सम्म करत रहाक, भिन्मानिक अबर महाजनामद का**ह खि**क চাল সংগ্রহ করতে হবে। প্রতিটি জারগার মডিফারেড রেশন সপ খলেতে হবে। ব্রভক্ত মান,যকে নিরে রসিকতা করা চলবে না এই কথাই আমি বলতে চাই। হাউস বিলিডং স্কীম সম্বন্ধে বলবার আমার সময় নাই। বন্যা অঞ্চলে নাকি বিল্ড ইয়োর ওন হাউস' স্কীম করছেন। এত বড় একটা স্ক্যান্ডালাস ব্যাপার হতে পারে আমরা ভাবতে পারি না। বন্যার দুই লক ঘর পড়ল, বিধানবাব্র হিসাবমত : এই দুই লক্ষ বাড়ী ই'টের বাড়ী করে দেবেন! সামানা ভাত দিতে পারেন না, তারা আবার ই'টের বাড়ী করে দেবেন। ডা করতে কত বছর লাগবে? আ<del>জ</del> পর্যাস্ত বলছেন বে ১২০টা বাড়ী করেছেন। তার উপর ১০ কোটি ই'টে ক'টা বাড়ী হবে? ১৭ হাজারের বেশী বাড়ী হয় না। এই রেটে বাড়ী হ'লে দুই লক্ষ বাড়ী করতে হ'লে কড বছর লাগবে? ততদিন লোকগুলি বাঁচবে কি করে? অথচ দেখা যাবে বে গরীব মানুহ, সিভিউল্ড কান্ট, ট্রাইব্যাল মান্ত্র বাদের আজ খেরে কাল খাবার খাকে না, যদি বন্যার পর তাদের কিছু অর্থ সাহাব্য করা হতো, কিছু টিন ও বাঁশ দেওরা হতো ডাছলে বেশার ভাগ মান্ব বাড়ী তৈরী করতে পারতো এবং খুব বেশী টাকাও খরচ হস্ত না। কিন্তু তার পরিবর্তে वावन्था वा रुक्त जब ठिकामादबब मात्रक्छ। ठिकामात्र वीन कब्रमा जबवबार कब्रुट्व। वनाविध्यन्छ लाक घर भाक जार नहे भाक शान्छिनर अखन्छे दन किहा प्राप्त, निर्म्ह। अछन प्रान्छे अप्र वावन्थात भूतः मैंदवान मृन्य मान्य भाक वा ना भाक ठिकामासन ठिक भागे छन्नदा। जबह

জন্ম ব্যবস্থা হলে দৃশ্য স্থান্ত গান্ধতা, বচিতে পান্ধতো। আমি জানি কালনাতে বেখানে আন্দর্শপ্রাম করা হছে, নদীর খারে নীচু জানগার আন্দর্শপ্রাম। স্ত্রী টি টি কুক্সাচারীকৈ দেখাবার জন্ম রাডারাতি তিন বিন তিন রাড ধরে ডেলাইট জেনুলে, বেশি টাকা খরচ করে প্রাম দাঁড় করান হছে। আদর্শপ্রামের করেকটা প্র্যান করে হর তৈরী করলেই বাংলাদেশের বাসম্থানের সমস্যা বার না। কালনা মহকুমার ২৫ হাজার হর পড়েছে। গঙ্গান্তেল সেখনে হাউস বিভিঙ্গ গ্রামিত লোন দিয়েছেন কত? সব মিলে সাড়ে তিন লক্ষ্ক টাকা মাত্র। হিসাব করে দেখনে তো কত বাড়ী হবে, আর কত লোকে লোন পাবে, আর এই রেটে বাড়ী হ'লে কর্ডাদন লাগবে।

[3-30-3-40 p.m.]

🧪 ব্রুথচ আমরা দেখছি, মার এই ব্যবস্থা সরকার থেকে করছেন। তার উপর সামান্য যেটক ভারা রিলিফ দিক্ষেন তারও বে বিতরণের ব্যবস্থা তা অতি জঘন্য। রিলিফ কমিটি যা করা হয়েছে লেগলে দ্রনীতি এবং স্বেক্ষাচারের কেন্দ্র হরে দাড়িরেছে। গোটা ইউনিয়ন বেডেরও মারফত বিলি নয়, কোন জারগায় সাধারণ লোকের সহযোগিতা নেওয়া হচ্ছে না; শুধু ইউনিয়ন बार्ष्णंत रशीमरफ्र**ोरक निरंत जात मर निम्न**तिरु सम्यात निरंत किमी करत रम्बता शराह । আমরা বন্যার সমর বিধানবাৰকে বলেছিলাম বে রিলিফের জন্য সর্বদলীয় এয়ডভাইসরী বোর্ড তৈরী কর্ম প্রদেশ ও জেলা ভিত্তিতে, জনসাধারণের সহযোগিতা নিরে স্থানীয় কমিটি তৈবী কর্ন। তার বদলে মনোনীত কমিটির মারফং দুনীতি ও পক্ষপাতিত্ব চলছে। আপনারা চলুন रमोधरा एनव, चत्र भएए मि अथह हैर्प्धेत वाफी रेडती कद्राह, चत्र भएए नि अथह जाहावा भारक। নির্দিষ্ট নাম পর্যান্ত বলে দিতে পারি। অভিযোগের কোন এনকোয়ারী করা হচ্চে না কেবল वनः हर्ह्यः, धनरकान्नाती कन्ना हरतः। धक मात्र एए मात्र श्रमः, धनरकान्नानीन रकान वामाहे सन्हे। মোট কথা, রিলিফ কম দেওয়া হচ্ছে, আর বা দেওয়া হচ্ছে তাও বহুক্ষেত্রে আসল লোকে পাছে मा, এর কোন পরিবর্তন করা হয় নি। অথচ বলা হচ্ছে এটা জাতীয় সংকট সকলের সহবেগিতা আমরা চাই। মাননীরা রাজ্যপালিকা মহোদয়া তাঁর অভিভাষণে বলেছেন যে সহ-বোগভার প্ররোজন, আমার গভন মেন্টকে সহবোগিতা করতে হবে। কিন্ত কোন রাডভাইজারী বোর্ড করা হল না। আমি জ্যোতিবাব, ইত্যাদি গিয়ে কী বলি নি যে য়াডভাইঞ্লারী বোর্ড कत्न? आभता की वीन नि दे भाषात्र लाकरक निरंत, छौरमंत्र श्रीर्छानीथ निरंत क्रिपि कर्नन? অখচ আপনারা কেবল নিজেদের দলীয় লোক নিরে এগালিকে নিজেদের কৃষ্ণিগত করে রেখে দেওরার ব্যবস্থা করেছেন। ইউ. বি. প্রেসিডেন্টকে নিয়ে আর নিজেদের মনোমত লোকদের নিয়ে এইসমস্ত কমিটি আপনারা করেছেন। আপনারা বলেন যে নির্বাচনে গভর্নমেন্টের ফাণ্ডকে দলীর কাজে লাগান্নি। কিন্তু আমরা ত দেখছি যে একটা সিপাল পার্টির জন্য, যেহেতু গন্ধন মেন্টের কব্দা তারা হাতে করতে পেরেছেন, সেইছেত পার্বালক ট্রেজারী থেকে টাকা তুলে নিরে সেই পার্টির নিজেদের মেসিনারী মারফত নিজদের দল প্রতির জন্য সরকারী টাকা খরচ করা হচ্ছে। উপর থেকে নীচে পর্যক্ত সর্বক্ষেত্রে এইরকম চলছে। ইংরাজ আমলে আমরা দিবাচিত কমিটির পক্ষে এবং মনোনরনের বিরুদ্ধে লড়াই করেছি। কিন্তু, বর্তমান গভনামেন্ট ঠিক উল্টো কাজ করছেন। বেখানে বেখানে নির্বাচন প্রথা ছিল সেখানে নির্বাচনকে আরো ব্যাপক করার পরিবর্তে সম্কৃচিত করে দেওরা হচ্ছে এবং কমিয়ে প্রত্যেকটা স্তরে নমিনেটেড মেশ্বার ঢোকাক্ষেন। স্কুল বোর্ডা, তা নমিনেটেড, রিলিফ কমিটি, তাও নমিনেটেড, আর গোটা পঞ্চায়েতটাও প্রথমে নমিনেটেড করতে যাচ্ছেন, তব, বলবেন: "আমরা নির্বাচনে সরকারী বল্য এবং টাকাকে পার্টির কাজে লাগাই নি"। সব জিনিষের একটা সামা থাকা নরকার। আমি जाक धक्था क्लार्फ हाई दन, वाश्नारम्हणत मान्य ১०৫० সালের মত আর মরতে রাজী নয়। হাজার হাজার মান্ত্র বর্ষমান, নদীয়ার, মুর্শিদাবাদ প্রভৃতিতে এস, ডি. ও. ডি. এম,এর কাছে थनता निर्म्ह। धवर धन्छ राज्या वार्क्क रव कनभरनत विरक्तारकत नाधान करवान नगनाता जाक पत খেকে বেরতে পাছেন না [ভূমলে হটুগোল]। আর দোষ দিছেন কমিউনিন্ট পার্টির। তবে একথা জেনে রাখনে বে মানুখে আর আগের মত মরবে না।

স্থার একটা ছিনিস, থডকাল এখানে মাননীর কংগ্রেস সদস্যেরা বাঁরা বকুতা করেছেন তাঁরা ক্ষিউনিস্ট পার্টির সমালোচনা করেছেন বটে, কিন্ত স্পো স্থেপ আবার গভর্নমেন্টের খাদ্য ন্যতির মৃদ্ হলেও সমালোচনা করেছেন। এটা কিলের লক্ষা? কনসাধারনের উপ্রম্ভিত দেখে তাঁদের আর চুপ করে থাকার উপায় নেই। আমরা দেখেছিলাম বিধানবাব্ বখন বাংলাকে বিহারের সপে বৃত্ত করতে গিরেছিলেন তখন কংগ্রেসী এম এল এদের মধ্যেও মতভেদের সৃষ্টি হয়েছিল। তাঁরা পাটি ডিসিপিলন রেখেছিলেন বটে কিল্ডু লোকের কাছে বেতে পারেন নি। আমি মাননীয়া রাজাপালিকা মহোদরার কাছে আবেদন করতে চাই তিনি বেন তাঁর গভর্নমেন্টকে একট্ ব্রাবার চেন্টা করেন বে, বাংলাদেশের মান্বের ভাগাকে নিরে বেন ছিনিমিনি খেলা না হয় এবং বাংলাদেশের মান্বে আর কোনরকম অত্যাচার চুপ করে মেনে নেবে না, বাংলাদেশের মান্ব আর কোনরকম অত্যাচার চুপ করে মেনে নেবে না, বাংলাদেশের মান্ব আজ নিজের পারে দাঁড়িরছে। বাংলাদেশের আলক্ষের সম্পত্তি নর বাংলাদেশের প্রাপশীন্তকে কেউ বিনাশ করতে পারেব না। তবে গভর্নমেন্ট বদি চেন্টা না করেন তাহলে হয়ত মান্বকে একট্ দ্ভোগে ভূগতে হবে, আন্শোলন করতে হবে, লড়াই করতে হবে, কিন্তু মুখ ব'ল্লে অন্যার তাঁরা সহ্য করবে না। কাজেই বাংলাকে আপনারা সেই দ্ভাগ্যার পথে নিয়ে বাবেন না—এইট.কই আমার বছবা।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a matter of personal explanation. I have heard somebody was questioning as to what I was doing when the very important food debate was going on in the House. I may tell the House that I have ascertained long before from newspapers that a large number of food wagons have come which are not being emptied. I telephoned the Centre—we have no power—as to whether they can take over the stocks and I believe that they had given orders to the same effect. Therefore, I was trying to find out whether the wagons have been emptied, whether delivery has been taken and, if not, whether the Central Government has taken charge of the stock. I was just waiting to hear.

The next thing I was in communication with the Centre is that there are some millowners who want to sell their rice at certain prices. Again, I say I have not the power. Therefore, I was telephoning to the Centre to find out whether they can purchase that rice. Therefore, I do not think I was utilising my time uselessly. Through the radio I heard voices of persons who talk much more clearly without much disturbance than when I am sitting here.

### Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আজ নিঃসংকোচে একথা বলব যে রাজাপালিকা মহোদয়ার ভাষণ পড়ে হতাশ হরেছি। ১৯৫০ সাল থেকে আমরা রাজাপালের ভাষণ শুনছি। এর আগে এই প্রথা ছিল না। ডাঃ কাটজুর ভাষণ আমরা পড়েছি, তারপরে ডাঃ হরেন মুখান্সীর ভাষণ পড়েছি বর্তমান রাজাপালিকার ভাষণও পড়লাম। এক স.র. এক ভাষধারা, এক দুড়িউভগা। কোন পরিবর্তন কোন ভাষণে আমরা দেখতে পাই না। এদিকে দেশে হাহাকার বেড়ে চলেছে, मः अपन्म ना त्वर् यात्वः, मुवास्ना वाएषः, त्वकात त्रसत्रा वाएषः, छेन्वात्र्यस्त स्रना त्कान किन्द করা হচ্চে না অথচ আমরা এইসব ভাষণে দঃখকণ্ট বে বাড়ছে তার কোন পরিম্কার আভাস পাই না। এইজনা মনে হয় এইসব ভাষণ একেবারে অবাস্তব। বাস্তবের সংশা, দেশের সত্যিকারের অকম্থার সংশ্র এইসব ভাষণের কোন সম্পর্ক নেই। যদি তারা তালিয়ে দেখতেন, দেশের জনগণের মতের সভ্যে তাঁগের নিজেদের মত মেলাতে চেম্টা করতেন, তবে দেখতে পেতেন ষে দেশের অবস্থা কোন দিকে বাচেছ। আজ দেশে যেসব সমস্যা দেখা দিরেছে তাদের মধ্যে সবচেরে বড সমস্যা হচ্ছে বেকার সমস্যা। এই এক সমস্যা আর সব সমস্যাকে জটিল করে ভূলেছে—বেকার সমস্যা উম্বাস্কুদের সমস্যা, বেকার সমস্যা শিক্ষিত তর্মাদের সমস্যা, বেকার সমস্যা প্রতি গৃহের সমস্যা। এক ঘরে একজন বদি উপার্জন করে, তাহলে তিনজন বেকার বসে বার। এই বেকার সমস্যার সমাধান না হলে কোন সমস্যারই সমাধান হবে না। এই নন্দ সত্য কথাটা এ পর্যান্ত কোন রাজ্যপালের ভাষণে আমরা পাই নি। অমরা সমস্ত জিনিস ভাসা कामा कार्य प्रिक-कार्ड क्लाव शनाव यीन मय ठिक कार्ड। बान्टाचारे, न्कून करनक, रामभाउनि / বাড়ছে এ কথা ঠিক। কিন্তু স্কুল কলেজ খেকে বারা বেরিরে আসছে তাদের বেকার বসে থাকতে হচ্ছে। ডাঃ ঘোষের কথার বলতে হয়—দে আর আনমাকেটেবল ্রেট্রাট্রিটেন। তাদের থাবার জোটে না, অমাভাবে তারা হাহাকার করে। হাসপাতালে রোগাঁর সংখ্যা ক্রমণই বাড়ছে এত দুত বাড়ছে যে হাসপাতালে জায়গা দেওয়া সম্ভব হচ্ছে না। যদি কেউ বেকার বসে না থাকত তাহলে আমি জোর করে বলতে পারি, যে ট্যাক্স বাড়ানো হয়েছে সেই ট্যাক্সের বোঝা দেশের জনসাধারণ হা হতাস না করেই বহন করত।

## [: 40-3-50 p.m.]

র্যাদ বেকার সমস্যা না থাকত তবে দ্রবাম্ক্যা যে বেড়েছে, চাউলের দাম যে মণ পিছ্ তিন চার টাবা করে বেশী হয়েছে তা লোকে টেরও পেত না। তাই আমি বর্লাছ বেকার সমস্যাই সব চাইতে বড় সমস্যা। যে পর্যন্ত এই সমস্যার সমাধান না হছে সে পর্যন্ত আমরা যত কথাই বলি না কেন কোন সমস্যার স্থিতাকার সমাধান হবে না। অথচ এই বেকার সমস্যার কোন উল্লেখই রাজাপালিকার ভাষণে আমরা দেখতে পাই না। কিভাবে এই সমস্যার সমাধান সম্ভব তার পূর্ণ নিদেশি যে আমি এ সময়ে দিতে পারব এমন মনে হয় না, তব্ এই সমস্যা খ্ব গ্রন্তর বলে আমি যা ভেবে ঠিক করেছি সে সম্বদেধ দ্ব-চারটা কথা বলছি।

কাল ডাঃ রায় তাঁর বাজেট ভাষণে বলেছিলেন যে বাংলাদেশ যদিও শিল্প-প্রধান তব্য মিণ পক্ষেত্রে বা**প্যালীদের স্থান খুব সংকীর্ণ। মিতে**পর দিকে, ব্যবসাবাণিজ্যের দিকে বাঙ্গালীরা বড় একটা <mark>যায় না। এইসব ক্ষেত্রে যারা</mark> কাজ করে তারা প্রায়ই অব্যঞ্গালী। সত্য কথা বলতে গেনে আমরা ন্তন কোন শিশ্প গড়ে তুলতে পারি না, বড় বড় শিশ্প চালাতে পারি না, বাবসা-ব্যাণিজ্য করতে পারি না। যদি এসব করতে আমরা না পারি তবে একটা শিল্প-প্রধান রাজ্যে আনেদের বেকার সমস্যার সমাধান হবে কি কোরে? এ প্রশেনর উত্তর বাজেট ভাষণে বা রাজা-পানিকার ভাষণে খ'জে পাওয়া যাবে না। দ্-একটি হাসপাতাল করলে, দ্কুল কলেজ খুললে, पूर এको ताञ्जा वा**जाल वालात সমসा**त সমাধান হবে না। किन ना, वालाव यान সমস্যা এই বেকার সমস্যা। যতদিন পর্যশ্ত ঠিকঠাকভাবে এই সমস্যার সম্মুখীন হতে না পারব ততাদুন পয় ত আমরা কিছুই করতে পারব না। বাঙ্গালীরা ব্যবসাবাণিজ্ঞা করতে পারে না, তারা এসব কাচ্ছের অযোগ্য একথা বলেও খালাস পাওয়া যাবে না, কি করলে তারা এসব করতে পারবে তা থ'লেজ বার করতে হবে। যাঁরা শাসনযন্ত চালান তাঁদের কাজ শ্ব্ব এ নয় যে, যে ৫০-৬০ কে ট টাকা বছরে আয়, তার ব্যায় বরান্দ বিভিন্ন খাতে করে দেখানো। সে কাজ সাধারণ रकः। गौता ७ कत्र ७ भारत रमकना मन्तीएन असाकन रस ना। मन्तीएन अधान काक स्यम्व মৌ লক সমস্যা রাজ্যের সম্প্রুথে বিদ্যমান, সেইসব সমস্যার সমাধান করতে চেন্টা করা। যাদ তা তারা না পারেন তবে পরিষ্কার করে বলা উচিত যে আমরা এসব সমস্যার সমাধান করতে পাং শাম না। এ বলে তাঁদের সরে দাঁডান উচিত।

পদ্দী অণ্ডলেও বেকার সমস্যার অভাব নেই। সেখানকার বেকার সমস্যা সমাধানের কোন নি শিও আমরা ভাষণে খালে পাই না। কাল মাননীয় স্বোধ ব্যানাজনী বলেছেন—জমি বৈজ্ঞানিক ভিত্তিতে ন্তনভাবে বণ্টন করতে হবে। এ কাজ করা খ্বই দরকার। কিন্তু শ্ব্ এ দরলেই হবে না। ছোট ছোট শিল্প এবং কুটির শিল্প পদ্দী অণ্ডলে গড়ে তুলতে হবে। এক া ডাঃ রায় মুখে প্রায়ই বলেন, কিন্তু কাজে কিছ্ই হয় না। কুটিরশিলেপর ব্যাপক ব্যবস্থা কর হ হবে। একথা পদ্দী অণ্ডল সম্বন্ধে প্রায়ই বলা হয় কিন্তু কাজে হচ্ছে না, ফলে যেমন শহে। অপ্তলে তেমনি পদ্দী অণ্ডলে বেকার সমস্যা বেড়েই চলেছে। আমরা আদত সমস্যার ভে রে ঢ্কুছি না, ভেতরে ঢোকবার সাহস আমাদের নেই, কথাটা মুখে বলছি মাত্র। ফলে প্রতি কার কিছ্ই হচ্ছে না।

এখন উম্বাস্ত্র সমস্যা সম্বন্ধে কিছ্ বলতে চাই। উম্বাস্ত্রদের সম্বন্ধে রাজাপালিকার ভাষাণ বলা হরেছে যে, পশ্চিমবশ্যে তাদের জন্য এ পর্যস্ত ৮৬ কোটি টাকা খরচ হরেছে। পশ্চিমবশ্যে আগত উম্বাস্ত্রদের সংখ্যা ০১ লক্ষ। তারমধ্যে ১৯ লক্ষের প্নর্বাসন হরেছে বলে

ব্রাক্তাপালিকা বলেছেন। কিন্তাবে হরেছে তাও তিনি পরিক্ষার কোরে বলে দিয়েছেন। প্রতি পরিবারকে ৪-৫ কাঠা কোরে জমি দেওয়া হয়েছে, কিছু গ্রন্থণ দেওয়া হয়েছে, আর কিছু ব্যবসায় ঋণ দেওয়া হয়েছে। এই তিনটি দেওয়া হলেই কি তাদের প্নর্বাসন হয়ে গেল? একটা দুন্দীন্ত দিয়ে জিনিস্টা বুঝাবার চেন্টা করব। ধরুন গরেসপুরের কথা। ৫ বংসর আগে একদিন গিয়ে দেখি ২,৭০০ পরিবারের সেখানে প্রবর্ষতি দেওয়া হয়েছে—অর্থাং প্রত্যেক পরিবারকে ৫ কঠি৷ করে জমি, ৫০০ টাকা গৃহঋণ এবং ৫০০ টাকা ব্যবসায় ঋণ দেওয়া হয়েছে অনুম অবাক হয়ে গেলাম। একটি গ্রামে ২.৭০০ পরিবারের মধ্যে প্রত্যেক পরিবারের কি ব্যবসা করা সম্ভব। এ এক অবান্তর পরিকল্পনা। ফলে কি হল? ৩-৪ বংসারের ভেতর ৩-৪ শত পরিবার তাদের বাড়ীঘর বিক্রী কোরে কলোনি ছেড়ে চলে গেছে। কেন না, আয়ের কোন পথ নেই। আমি জানি কোথায় তারা গিয়েছে। তারা ডেজার্টার হিসেবে শিয়ালদা স্টেশনে আশ্রয় নিয়েছে। কেন এ অবস্থা? যেহেতু, আমরা উম্বাস্তুদের কর্মসংস্থানের কোন ব্যবস্থা করি নি। টাকা অনেক খরচ হয়েছে-কিন্তু ঠিক পথে হয় নি। হলে এখানে যা বলছি তা বলতে হত না। আমি ডাঃ রায়কে বহুবার জানিয়েছি, লিখে জানিয়েছি যে এভাবে চললে কিছুই হবে না। তিনি বারে বারে আশ্বাস দিয়েছেন যে, উশ্বাস্তুদের বেকার সমস্যার সমাধানের জন্য কৃটির-শিলেপর বাবস্থা করবেন এবং ছোট ছোট শিলেপর বাবস্থা করবেন। উদ্বাস্ত অঞ্জে ঐসকল জিনিস করেন না কেন? ডাঃ রায় রাজী হয়েছিলেন, এবং আড়াই বছর আগে লিখেও জানিয়েছিলেন যে অন্ততঃ ৬টা উন্বাস্ত কলোনিতে এভাবে কাজ করবেন-গয়েসপরে, হাবডায় তাহেরপুরে, খোসবাসমহল্লা এবং আরও দৃ জায়গায়। গত ১৭ই এপ্রিল এক সাক্ষাংকার প্রস্তেগ তিনি আমায় বলোছলেন যে এসব জায়গায় একটি করে স্বতোর কল প্রতিষ্ঠিত হবে প্রতি সাতোর কলে আড়াই হাজার লোক কাজ করবে, এবং প্রতিটি কলে উৎপন্ন সাতো দিয়ে ১০ হাজার লোক তাঁতে কাপড় বুনবে। একথা শুনে আমি তাঁকে অভিনন্দন জানিয়েছিলাম এবং বলেছিলাম এভাবে কাজ হলে উন্বাস্ত্র অঞ্চলে বেকার সমস্যা থাকবে না। এভাবে কাজ এগিয়ে চললে. শুধু উন্বাস্তুদের সমস্যা যে দুরে হবে তা নয়, সারা বাংলার বেকার সমস্যারও সমাধান হয়ে আসবে। কিন্তু তারপর আড়াই বংসর চলে গেছে, টাকার অভাব নেই, জায়গার অভাব त्नरे. जलात अভाव त्नरे, विमाद्द्वत अভाव त्नरे, किन्छू किছ्दे रग्न नि। त्कन रग्न नि, त्म কপাটাই জিজ্ঞাসা করি। যদি ৫ বংসর কিংবা ৭ বংসর আগে থেকে এভাবে কাজ হত তাহলে আজ বাংলায় উত্বাস্তু সমস্যা বলে কিছুই থাকত না। এখনও আমি বলি--অতীতের জন্য দঃখ কোরে লাভ নেই। অতীত থেকে যে শিক্ষালাভ হয়েছে তা থেকে গভর্নমেন্টের সচেত্র হওয়া উচিত। যে কথা মুখামন্দ্রী প্রায়ই বলছেন ঐ ছোট ছোট শিন্পও সপ্পে সপ্পে কুটির শিল্প স্থাপনের কথা সে কথা দৃঢ়তার সঞ্জে কাজে রুপায়িত করলে পশ্চিম বাংলায় শুধু উম্বাস্তুদের বেকার সমস্যা নয়, সব সমস্যারই সমাধান হয়ে আসবে। গভর্নমেন্টের পক্ষ থেকে বলা হচ্ছে পশ্চিম বাংলায় কৃষিযোগ্য খালি জমি পড়ে নেই। স্তরাং উন্বাস্ত্দের বাংলার বাইরে পাঠাতে হবে। পশ্চিম বাংলায় কৃষিযোগ্য জমি পড়ে নেই একথা ঠিক। কিন্তু বাংলার বাইরে কৃষিযোগ্য জমি থালি পড়ে আছে এটারই বা প্রমাণ কি? কৃষিযোগ্য জমি পশ্চিম বংলার বাইরে খালি পড়ে আছে কিনা তদন্ত করে দেখার জন্য বছর দ্ব আগে কেন্দ্রীয় গভর্নমেন্ট কর্তৃক একটি কমিশন বসানো হয়েছিল, সেই কমিশন রিপোর্টে স্পন্ট ভাষায় বলেছে, পশ্চিম বাংলাদ্র যেমন কৃষিযোগ্য জমি পড়ে নেই, বাংলার বাইরেও তেমনি নেই। পশ্চিম বাংলার বাঁকুড়া, বাঁরভূম প্রভৃতি জেলায় বিস্তর খালি জমি পড়ে আছে, কিন্তু বহু টাকা খরচ করলে সেইসব জমি কৃষিযোগ্য হতে পারে। বাংলার বাইরেও সেই অবস্থা।

গত ১৭ই এপ্রিল ডাঃ রায় বড় ম্লাবান কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, "আমি বিশ্বাস করি যে চার-পাঁচ কাঠা জমি এক-একটি পরিবারকে বাদ দেওরা বায় এবং কুটিরাশিলপ বা ছোটশিলেপর মাধ্যমে বাদ প্নর্বাসনের বাবন্ধা করা বায় তাহলে পশ্চিম বাংলায় যেসব উম্বাস্ত ইতিপ্রে এসেছে এবং ভবিষাতে আসবে তাদের সকলের প্নর্বাসন এই পশ্চিম বাংলায়ই হতে পারে।" আমি নিজেও বিশ্বাস করি সেই কথা। কিম্তু গভর্নমেন্ট কিছ্ই করেন না।

মাননীর শ্রীপ্রফ্রেল সেন বলেছেন বে বাংলার জমি নেই, সেইজন্য উদ্বাস্ভূদের বাংলার বাইরে বেতে হবে। বাংলার বাইরে কৃষিবোগ্য জমি আছে তা তিনি জ্বানালন কি করে? বাংলার বাইরে এখানে সেখানে সামান্য কিছু জমি থাকতে পারে, কিন্তু তা আদৌ বথেন্ট নর। স্ত্রাং উন্বাস্ত্রাদের প্রবাসন করতে হলে শিলেপর মাধ্যমেই তা করতে হবে। শিলেপর মাধ্যমেই বিদি উন্বাস্ত্রাপর স্নর্বাসনের বাবস্থা করতে হর তাহলে তা বাংলাতেই করা উচিত এবং বাংলাতেই করা সম্ভব। বাংলাদেশে শিলেপর বিকাশ সহজে সম্ভবপর, আর বাংগালা উন্বাস্ত্রা বাংলার বাইরে বেতেও চার না। কৃষিবোগ্য জমি বিদি বাংলার বাইরে পাওয়া বার তবে তারা সেখানে নিশ্চরই যেতে পারে।

## [3-50-4 p.m.]

আর দ্-একটা কথা বলেই আমি আমার বন্ধবা শেষ করবো। খাদ্য সমস্যা সন্বন্ধে রাজ্যপালিকার যে ভাষণ, তা একটা পরিহাস বলে মনে হয়। তিনি প্রথমে বলেছেন ১৫ আউস্সের বেশী কারও খাওয়া উচিত নর। আমি অনেক পরিবারকে জিল্পাসা করে দেখেছি, অধিকাংশ পরিবারই বলেছে, গড়ে জনপিছ্ব ১৫ আউস্সের বেশি না হলে চলে না। তব্ গড়র্নমেন্ট বলছেন ১৫ আউস্সের বেশী যেন কেউ না খায়। ১৫ আউস্সের বেশী যদি না খায়, এবং কৃষকেরা যদি খাদ্য-শস্যা জমিয়ে না রাখে, তাহলে খাদ্য-শস্যের সমাধান আমাদের সহছেই হতে পরে। খাদ্যসমস্যা সন্বন্ধে রাজ্যপালিকার গোড়ার কথা হচ্ছে এই। শেষে অবশ্য তিনি বলেছেন.

"The price rise may be due to the general rise in the price level of all commodities".

কিন্তু সব জিনিষের দাম বাড়ছে কেন? সব জায়গায় প্রডাকশন বেড়েছে, শিল্পক্ষেত্র প্রডাকশন বেড়েছে, কৃষিক্ষেত্রে প্রডাকশন বেড়েছে, তথাপি জিনিষের দাম বাড়ছে কেন? এই কথাটা যদি দয়া করে মাননীয়া রাজ্যপালিকা তাঁর ভাষণে ব্যক্তিয়ে বলতেন, তবে ভাল হত।

মুদ্রাস্ফাঁতি দ্রবাম্পা বৃশ্ধির অন্যতম প্রধান কারণ। আমাদের পশ্চিম বাংলার বর্তমান্ বার্ক্রেটে ১২ কোটী টাকা ঘাটতি দেখানো হয়েছে। কেন্দ্রীয় বাজেটে এবং অন্যান্য রাজ্যের বাজেটেও এরকমই করা হছে। ১৯৪০ সালের দুর্ভিক্ষ কেন হয়েছিল? বিদেশী সরকার প্রচুর পরিমাণে নোট বাজারে ছেড়েছিলেন, তার ফলে ১৯৪০ সালে দার্ণ দ্বিভক্ষ দেখা দিয়েছিল। এখন আমাদের গভর্নমেন্টও তাই করছেন। বাজারে প্রচুর পরিমাণে নোট ছাড়তে আরন্ড করেছেন। মূল্য বৃশ্ধির আর একটি প্রধান কারণ, মজ্বুলারদের কর্তৃক মালা গ্র্মাজাত করে রাখা। মজ্বুলারদের একাজে গভর্নমেন্টও সাহায্য করেছেন সিভিউল ব্যাঞ্চ মার্ক্টেই টাকা দাদন দিয়ে। অতিবৃণ্টি, বন্যা এবং অনাবৃণ্টিও বর্তমান মূল্য বৃশ্ধির অন্যতম কারণ। প্রকৃতির ওপর আমাদের হাত নেই। মানুষ যে-সব কারণ স্কৃতি করেছে তা সহজেই দ্র হতে পাবে এবং সে-সব দ্র হলেই জিনিসের দাম কমে আসবে। আজ যদি দ্বা-মূল্য কমেও যায়, তব্ দেশে হাহাকার লেগেই থাকবে। যে পর্যান্ত বেকার সমস্যা থাকবে ততিদিন জনসাধারণের দ্বংখ-দৃর্দাণা ঘ্রবে না। একেই তো অভাবের জন্যলার লোকেরা জনুলে-প্র্ডে মরছে, তার ওপর আবার ট্যক্স বাড়ানো হয়েছে। জনসাধারণের ওপর টাক্সের বোঝা না বসিয়ে, অন্যভাবে টাকা সংগ্রহ করা উচিত। শাসন ব্যাপারে বায়-সংকোচ করে, দ্নীতি দ্র করে, বড় বড় বড় শিলপ রাষ্ট্রায়ন্ত করে অনেক টাকা সংগ্রহ করা যেতে পারে।

এ কয়টি কথা বলে, আমি বর্লাছ এই ভাষণের জন্য ধন্যবাদ দেবার কোন প্রশ্নই ওঠে না। আমার মনে বারেবারেই এই প্রশ্ন উঠেছে, এই ভাষণের জন্য ধন্যবাদ দেবার কথা কি করে উঠতে পারে। এরজন্য নিশাসচেক প্রশ্তাব পাশ করলেই ঠিক হয়।

# Sj. Bijoy Singh Nahar:

সভাপতি মহাশর, রাজাপালিকা মহোদয়ার ভাষণে আমরা দেখতে পাছিছ যে, করেক বছর ধরে সরকার কি কাজ করেছেন তার কথা রয়েছে এবং ভবিষ্যতে কি কাজ করবেন তারও

ইপিত রয়েছে। আমাদের বন্ধুরা এখানে অনেক সমালোচনা করেছেন এবং সমালোচনার উদ্দেশ্য হচ্ছে কি করে আরও ভালভাবে কাজ করা যায়, কি করে দেশের মণাল হতে পারে, वाश्मात मध्यम २८७ भारत, এই মন निरत्न जीता সমালোচনা করেছেন এইটাই আমি বিশ্বাস করি। তবে, এইট্রকু বলবো, এখানে যে সমালোচনা করেছেন তার মূল ভিত্তি সতিটে কি মণ্যলের দিকে উদ্দেশ্য করে হচ্ছে কিন্বা তাদের নিজেদের দলগত ভাব নিয়ে এখানে আলোচনা করেছেন, এটা দেখা বিশেষ দরকার। আমি কালকে এবং আজকে বস্তুতাগালৈ শানলাম, বেশ মনোযোগ দিয়ে শ্লেছি: বিশেষ করে বিরোধী পক্ষের নেতৃব্ব্দের বস্তা জ্যোতি বস্তু মহাশর, ডাঃ ঘোষ, হেমনত বোস মহাশয় প্রভৃতি, তাদের বন্ধতাগালি ভালভাবে শানেছি। (এ ভারেস ফুম অপোজিসন বেণ্ড-কি মনে হল?) আমি বলছি-জ্যোতিবাব, অনেক কথাই বলেছেন : তিনি সব সময় দেখাবার চেম্টা করেছেন সরকার যে কাজ করেন তা দলগত ভাব নিয়ে তাঁর নিজের দলের মণ্ণালের জনা কাজ করে থাকেন, এইটা বলেছেন। দৃষ্টান্তও তিনি দিয়েছেন। তিনি বলেছেন গত সাধারণ নির্ম্বাচন যা হয়েছে, তার যে দিন ঠিক করা হয়েছিল, সেটা কংগ্রেস পার্টি যাতে জয়লাভ করতে পারে, এইটাই মনে রেখে দিন ঠিক করা হয়েছিল। অন্ভত বাকোর সূচনা করা হয়েছিল। আমি জানি না দিনের উপর জয়-পরাজয় নির্ভার করে কি না? নির্ভার করে জনসাধারণ কাকে চায়: কোন দিনের উপর নির্ভার করে না। কোন দল বেশী সংখ্যাগরিষ্ঠ হবে, না কমে যাবে সেটা নির্ভার কবে জনসাধারণের ইচ্ছার উপর। তারপর তিনি আবার বলতে আরম্ভ কবলেন যেটা সর্বজনবিদিত- যে গুড বন্যার সময় যা কিছা সরকারী কাজ হয়েছে সেটা দলীয় ভাবে দলের লোকের স্বাবা হয়েছে। আমি জানি না এটা তিনি কোথা থেকে পেরেছিলেন। যখন পশ্চিম বাংলায় বন্যা উপস্থিত হরেছিল, তখন কংগ্রেস পার্টি, কংগ্রেসের দল গ্রামে গ্রামে গিয়ে, নিজেরা চাদা সংগ্রহ করে, কাপড়-চোপড়, খাদ্য-শস্য সংগ্রহ করে যেখানে বনা। হয়েছিল সেখানে কেন্দ্র প্থাপন করে তারা কান্ধ করেছেন। । এ ভয়েস ফ্রম অপোজিসন বেও-মিথো কথা। সরকার কে'ন দলকে নেন নি: সেখানে কয়েক জ্বন যাঁর: বিভিন্ন পোন্টে ছিলেন, তাঁদের নিয়ে কাজ করেছেন। তাঁদের মধ্যে অন্য কোন কন্মীকে নেন নি। নিৰ্বাচনের সময়ে বহা জায়গায় বিরোধী পক্ষের নেতৃবৃন্দ সেইসব কথা বলেছেন। কিন্তু তাতে জনসাধারণ বিভানত হয় নি। যেসমস্ত অণ্ডলে বন্যা হয়েছিল সেই সমস্ত অঞ্জের ভাই-বোনরা জানেন কংগ্রেস পার্টির কম্মীরা কি রক্মভাবে সেখানে সাহায্য করেছেন, এবং বিরোধী দলের লোকেরা তাদের উম্কানী দেবার চেষ্টা করেছেন। আঞ্চ এখানে যারা বড় বড় কথা বলছেন, তাঁবা সেখানে একটাও সহায়তা বা সেবার কাজ করেন নি। এবং তার প্রমাণ নির্বাচনের মধ্য দিয়ে পাওয়া গিয়েছে। তারা আজ বড বড ডেমক্রাসীর কথা বলছেন। তিনি বলতে চেণ্টা করেছেন যে সরকার থেভাবে কাজ করেন, তা ডেমক্র্যাটিক ওয়ে-তে হয় না। ভতের মুখে বাম নাম শোনাতে চায়। আমি জানি না তাঁরা ডেমক্র্যাসিতে বিশ্বাস করেন কি না? তাদের কমিউনিন্ট পার্টির নীতি হচ্ছে আমাদের হাতে ক্ষমতা ছেড়ে দাও, আমরা একনায়কম্ব নিয়ে কান্ত করবো'। আমাদের দল ছাড়া অনা কোন দলকে কান্ত করতে দেবো না। তাঁদের মুখে ডেমক্রাসির কথা এটা ভতের মুখের মত কথা দেখছি। ভারপর এখানকার যে-সমুস্ত নাত্র নিয়ম কান্ত্র তৈরা হয়েছে, যেমন পণ্ডায়েত বিল প্রভৃতি, তা সমস্ত আপনার। বিধান সভার মধ্যে আপনারাই তৈরী করেছেন, সেটা কোন দলগতভাবে হয় নি। এখনে বাংলা দেশের সমস্ত জনসাধারণের প্রতিনিধিরা মিলে সেটা তৈরী করেছেন। আঞ্জকে সেই জনসাধারণের উপর অনাস্থা জ্ঞাপন প্রস্তাব করে এই ডেমক্র্যাসির কথা বলতে আরম্ভ করেছেন। তাঁরা যে নাঁতি ও আদশের উপর ভিত্তি স্থাপন করেছেন, সেই আদশকে বাঁরা রূপ দিরেছেন. সে দেশের ডেম্ক্র্যাস কি : যে পার্টির লোকেরা নিজেরা বসে, নিজেরাই বিধান তৈরী করেছেন তাঁরা জনসাধারণের কাউকে বিশ্বাস রাথেন না।

[Interruption from the Opposition benches.]

Mr. Speaker: I have got a request to make to you. When speakers to my left rose and addressed the House, it was without interruption. I would also request now that the gentleman of the other side is speaking, he should not be interrupted.

# Sj. Hemanta Kumar Ghosal:

স্যার, আমরা সাহাষ্য করতে পারি।

Mr. Speaker: Please do not. I do not think there is any room for levity. If speakers are not permitted to have their say, it really embarrasses them. I would request—let the business of the House be transacted peacefully. That is my earnest request to all of you. If there is anything on which exception can be taken, please take exception—you can do that.

Sj. Copal Basu: You should see that speeches are not irrelevant.

Mr. Speaker: I would request all of you—both sides—let the business be transacted peacefully. Neither side should do things which do not bent the dignity of the House.

## 8j. Ajit Kumar Ganguli:

স্যার আমাদের শুনতে ভাল লাগে না। উনি সব ইরিলিভ্যান্ট বলছেন।

Mr. Speaker: That is a thing for me to decide.

[4-4-10 p.m.]

### Dr. Maitreyee Bose:

মাননার স্পাঁকার মহাশয়, বিজয়বাব, তাঁর মেডেন স্পাঁচ দিচ্ছেন, পরলামেন্টাবা প্রাকাটস অনুযায়ী কোন মেডেন স্পাঁচ-এ ইন্টারাপসান করা উচিত নয়, আমি তাই বলছি এ'রা ভাল করে শ্নুন।

Mr. Speaker: He was a member of the other House and he is an old parliamentarian. He can defend himself and if necessary, I shall defend him.

#### 81. Biloy Singh Nahar:

